সংবাদ

তারিখ ... 09 AUG 2015
পৃষ্ঠা ... ১৩ কলাম ... ৬

শরীয়তপুর শহীদ সিরাজ শিকদার কলেজ

# গভর্নিংবডির সভাপতির বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগ

শরীয়তপুর, প্রতিনিধি

শরীয়তপুরের সখিপুর থানার শহীদ সিরাজ শিকদার কলেজ গভর্নিংবডির সভাপতি মোঃ আজহারুল ইসলাম মাদবরের বিরুদ্ধে কলেজের টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। তবে কলেজ গভর্নিংবডির সভাপতি এ অভিযোগ অস্বীকার করেছেন। কলেজ সূত্র জানায়, সম্প্রতি স্থানীয় সাংসদ কর্নেল (অব.) শওকত আলীর দেয়া ডিও লেটারে শিক্ষা মন্ত্রণালয় থেকে শহীদ সিরাজ শিকদার কলেজে একটি একাডেমিক ভবন বরাদ্দ দেয়া হয়েছে। ভবন বরাদ্দের পর ম্যানেজিং কমিটির সভায় সভাপতি আজহারুল হক মাদবর ভবনটি বরাদ্দ করাতে তার সাড়ে ৩ লাখ টাকা খরচ হয়েছে বলে দাবি করেন। ম্যানেজিং কমিটি সিদ্ধান্ত ছাড়া কিভাবে টাকা খরচ হল জানতে চান উপস্থিত সদস্যরা। সদুত্তর দিতে না পারায় সভায় বিষয়টি তদন্তের সিদ্ধান্ত হয়। ম্যানেজিং কমিটির সদস্য মজিবর রহমান মাঝি, মাস্টার মোসলেম উদ্দিন, প্রভাষক সাঈদুর রহমান হাওলাদার, ডাঃ কবির হোসেন, ডাঃ আজিজুল হক গাজী বলেন, সভাপতি ম্যানেজিং কমিটির সভায় ভবন বরাদ্দ বাবদ সাড়ে তিন লাখ টাকা দাবি করেন। সভায় তাকে টাকা দেয়ার কোন সিদ্ধান্ত হয়নি। কিন্তু সম্প্রতি কলেজের অধ্যক্ষ জানায়, সভাপতি সাহেব কলেজের ভর্তি তহবিল থেকে ৫০ হাজার টাকা নিয়ে গেছে এবং বাকি ৩ লাখ টাকা সাত দিনের মধ্যে দেয়ার জন্য চাপ দিচ্ছে। এ নিয়ে আমরা বিব্রতকর অবস্থায় রয়েছি। কলেজের অধ্যক্ষ মো: মজিবুল হক এর কাছে এ বিষয়ে জানতে চাইলে তিনি প্রথমে থমকে জান। কিছু সময় পরে ভীত সন্ত্রস্ত কণ্ঠে বিষয়টি অস্বীকার করে অন্য প্রসঙ্গ নিয়ে আলোচনা শুরু করেন। ম্যানেজিং কমিটির সভাপতি আজহারুল ইসলাম মাদবর বলেন, আমি ম্যানেজিং কমিটির সভায় কোন টাকা দাবি করিনি।